



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২২.৫০১২

তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রিঃ।

মালামাল ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারীর নিকট হইতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীলগালা যুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

০১। দরপত্র বিজ্ঞপ্তিঃ


ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
০১	জি-২২-২৩-৬০-৯৫	ইলেক্ট্রিক বিল পেপার	১০০০/-	১,২০,০০০/-	২০/০৬/২০২২ খ্রিঃ হতে ০৪/০৭/২০২২খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৭/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৭/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ ঘটিকা পর্যন্ত
০২	জি-২২-২৩-৬০-৯৬	প্রিন্টিং মালামাল	১০০০/-	৩৭,৫০০.০০			
০৩	জি-২২-২৩-৬০-৯৭	স্টেশনারী মালামাল	১০০০/-	২০,০০০.০০			
০৪	জি-২২-২৩-৬০-১৭	ট্রান্সফরমার মেরামত মালামাল	১০০০/-	৩০,০০০.০০			
০৫	জি-২২-২৩-৬০-৯২	কর্মচারীদের পোষাক (সেলাইসহ)	১০০০/-	২০,০০০.০০			

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।
- আগ্রহী দরদাতাগণ মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হইতে ছকে বর্ণিত টাকার (অফেরৎ যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সিপাহীপাড়া, মুশুগঞ্জ (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- আগ্রহী দরদাতাগণ আগামী ০৫/০৭/২০২২খ্রিঃ তারিখ দুপুর ১১.০০ ঘটিকার মধ্যে দরপত্র (ক) মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে পারিবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হইবে না।
- প্রত্যেকটি দরপত্রের জন্য পৃথকভাবে উল্লেখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে, অন্যথায় দরপত্র বিবেচনায় নেওয়া হইবে না। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, সিপাহীপাড়া, মুশুগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- দরদাতা প্রতিষ্ঠানের দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট / ট্যাক্স কর্তন করা হইবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর অত্র পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে।
- দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

(Signature)

- ০৮। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ০৯। কার্যাদেশ প্রদানের সময়ে বর্নিত আইটেমের মালামালের পরিমান কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহন /বাতিল করিবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


 সিনিয়র জেনারেল ম্যানেজার
 মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
 সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।
 ফোন নং-০২-৭৬১১৭৪৭,
 ৭৬১২৮৪৪।

ক্রমিক ক্রমিক	ক্রমিক ক্রমিক	ক্রমিক ক্রমিক	ক্রমিক ক্রমিক	ক্রমিক ক্রমিক	ক্রমিক ক্রমিক